

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৬৯(আগরতলা-১১।১০)
ধর্মনগর, ১১ অক্টোবর, ২০১৭।

প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা : ধর্মনগরে জেলাভিত্তিক কর্মসূচি

প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় আগাম প্রস্তুতি গ্রহণ, সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার ইত্যাদি বিষয়ে তিনদিনব্যাপী উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক অনুষ্ঠান আয়োজিত হবে ধর্মনগরে। কর্মসূচি অনুযায়ী ১৩ অক্টোবর জেলাভিত্তিক এই অনুষ্ঠানের সূচনা হবে। এদিন জেলার প্রতিটি বিদ্যালয় ও সরকারী অফিসে দুর্যোগ মোকাবিলায় প্রস্তুতির শপথ বাক্য পাঠ করানো হবে। ১৫ অক্টোবর ধর্মনগর বীর বিক্রম ইনস্টিটিউশনে সকাল ১০টায় ১০টি বিভাগে বসে আঁকো প্রতিযোগিতা হবে। এছাড়া, ১৬ অক্টোবর বিবেকানন্দ সার্থ শতবার্ষিকী ভবনে দুপুর ১২টায় শুরু হবে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক আলোচনাচক্র। একই সঙ্গে অনুষ্ঠিত হবে রক্তদান শিবির ও বিতর্ক প্রতিযোগিতা। বিতর্ক প্রতিযোগিতার বিষয় 'প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় একমাত্র পথ সচেতনতা'। এছাড়াও ঐদিন ধর্মনগর সরকারী উচ্চতর বালিকা বিদ্যালয়ে হবে- ত্রিপুরায় সম্ভাব্য বিপর্যয় মোকাবিলায় প্রস্তুতি বিষয়ক প্রবন্ধ প্রতিযোগিতা। প্রবন্ধ ৫০০ শব্দের মধ্যে হতে হবে। এই কর্মসূচির শুরুতে বর্গাচ্য র্যালী বিবেকানন্দ সার্থ শতবার্ষিকী প্রাঙ্গণ থেকে শুরু হবে। উত্তর ত্রিপুরা জেলা ও ধর্মনগর মহকুমা প্রশাসন এবং প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা বিষয়ক জেলা কার্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানকে সার্বিকভাবে সফল করে তোলার লক্ষ্যে জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে গতকাল প্রস্তুতি বৈঠকে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। জেলাভিত্তিক কর্মসূচিকে সফল করে তুলতে সভায় আলোচনা করেন প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা বিষয়ক জেলার কো-অর্ডিনেটর নীলিমেশ ভট্টাচার্য, ডি.টি.ও. টি. ডালং, ধর্মনগর মহকুমা শাসক প্রদীপ আচার্য সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। এদিনের সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকগণও উপস্থিত ছিলেন।
